

নং-২৬.০২.০০০০.০৩১.৭৬৭.২৩- ১১০২

তারিখঃ ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩ -০১ জানুয়ারী, ২০২৪ সময়ে ভারতের কলকাতায় অনুষ্ঠেয় **India International Mega Trade Fair (IIMTF) 2023-24** শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩- ০১ জানুয়ারী, ২০২৪ সময়ে India International Mega Trade Fair (IIMTF) শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো উদ্যোগ গ্রহণ করেছে। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	India International Mega Trade Fair (IIMTF)
মেলার সময়কাল	15th Dec, 2023 to 1st Jan-2024
মেলা আয়োজনকারী	The Bengal Chamber & G S Marketing Association
বুথের সাইজ	(3MX3M) 9SQ
বুথ ভাড়া	USD 2000 Per booth+18 GST বাংলাদেশী টাকা ২,৬২,০০০.০০ (দুই লক্ষ বাষট্টি হাজার)
প্রদর্শনী পণ্যঃ	তৈরী পোশাক, হোম টেক্সটাইল, চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, প্লাস্টিক, সিরামিক, হস্তশিল্পজাত পণ্য, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য।

০২। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।

ক) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	'ক'	২০%
০২	০৫-১০	'খ'	৩৫%
০৩	০৫ এর নিচে	'গ'	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'ঘ'	৫০%

খ) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	'ক'	৪০%
০২	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'খ'	৫০%
০৩	নারী উদ্যোক্তার জন্য	'গ'	৬০%

০৩। বর্গিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী ০৮-১১-২০২৩ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়- দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে। অবশ্যই ইপিবি কর্তৃক প্রদত্ত কনসেন্ট লেটার পে-অর্ডার ও আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায়, আবেদন পত্রটি বাতিল হিসেবে গণ্য হবে।

(মাহমুদা খাতুন)
সহকারী পরিচালক (মেলা)

বিতরণ কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ১৪৫, মনিপুরিপাড়া, তেজগাও, ঢাকা-১২১৫।
ই-মেইলঃ ed@jdpc.gov.bd info@jdpc.gov.bd
- চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইলঃ chairman@bscic.gov.bd
- চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬-৭), ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ইমেইল: info@smef.gov.bd
- পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়নগঞ্জ। ইমেইল- director.s.museum@gmail.com

